Office of Early Childhood Education (OECE)

Sophia E. Pappas, Executive Director

NYC Department of Education
Dennis M. Walcott, Chancellor

নিউ ইয়র্ক স্টেটের কিন্ডারগার্টেনের ভিত্তিতে শিক্ষার্থীরা যে স্তরের সাধারণ বিষয়ের জ্ঞান অর্জন করবে তা বোঝার জন্য এই নির্দেশিকা

স্কুলে আপনার সন্তানের সাফল্য এবং কলেজ ও পেশাজীবনের প্রস্তুতিতে তাকে সহায়তাদান

College & Career Readiness

প্রি-কিন্ডারগার্টেন — হাই স্কুল গ্রাজুয়েশন

আপনার সন্তান প্রি-কে ক্লাসে কী শিখবে তা আরও ভালো বোঝার সহায়তাদানে এই নির্দেশিকা যাতে বাড়িতে আপনার সন্তানের শিক্ষণে আপনি **আরও কার্যকরী সহায়তা প্রদান করতে পারেন**।

প্রি-কিন্ডারগার্টেনের ভিত্তিতে শিক্ষার্থীদের যে ধরনের সাধারণ জ্ঞান প্রত্যাশিত

আপনার এবং আপনার সন্তানের জন্য প্রি-কিন্ডারগার্টেন একটি বেড়ে ওঠা এবং অনুসন্ধানের সময়। বছরব্যাপী আপনার সন্তানের বেড়ে ওঠা বিভিন্ন ধাপ এবং সময়ে হতে পারে, কিন্তু গবেষণা, সূত্র এবং প্র্যাকটিসের ভিত্তিতে কিছু নির্দিষ্ট সূচক আছে যা প্রি-কিন্ডারগার্টেন বছর শেষে তারা অর্জন করবে বলে আমাদের প্রত্যাশা। এইসব সূচক এনওয়াইএস প্রি-কিন্ডারগার্টেনের ভিত্তিতে যে স্তরের সাধারণ বিষয়ের জ্ঞান প্রত্যাশিত সেই নির্দেশিকায় উল্লেখ করা আছে।

নিউ ইয়র্ক স্টেটের প্রি-কিন্ডারগার্টেনের ভিত্তিতে সাধারণ বিষয়ের জ্ঞানের যে নির্দেশিকা - সেটিকে উন্নয়নের পাঁচটি ক্ষেত্রে ভাগ করা হয়েছে এবং এর প্রতিটি অংশের সংজ্ঞা নিচে দেয়া হলো।

উন্নতির ৫টি ক্ষেত্র	
শিক্ষণ পদ্ধতি	• শিক্ষার্থীরা কীভাবে শিক্ষণের সাথে সংশ্লিষ্ট হয় এবং জ্ঞান অর্জন করে
শারীরিকভাবে বেড়ে ওঠা এবং স্বাস্থ্যের উন্নতি	• দৈনন্দিন কর্মকাণ্ডে সংশ্লিষ্ট হবার জন্য শিক্ষার্থীদের স্বাস্থ্যগত শারীরিক অবস্থা এবং ক্ষমতা
সামাজিক এবং মানসিক উন্নতি	• ইতিবাচক সম্পর্ক গড়ে তোলার মানসিক যোগ্যতা এবং ক্ষমতা যা বাড়িতে, স্কুলে এবং বৃহত্তর কম্যুনিটিতে শিক্ষার্থীদের অভিজ্ঞতাকে অর্থবহ করে
যোগাযোগ, ভাষা, এবং সাক্ষরতা	• শিক্ষার্থীদের বোঝার ক্ষমতা, সৃজনশীলতা, এবং অর্থবহ যোগাযোগের ক্ষমতা
জ্ঞানাত্মক এবং বিশ্ব সম্পর্কিত ধারণা	• শিক্ষার্থীদের তাদের বিশ্ব সম্পর্কে কী জানা এবং বোঝা উচিত এবং তারা যা জানে সেই জ্ঞান কীভাবে ব্যবহার করবে

আপনি পরের পৃষ্ঠায় আপনার সন্তানের শিক্ষণে কীভাবে বাড়িতে সহায়তা দিতে পারেন এবং উন্নয়নের প্রতিটি ক্ষেত্রের বিস্তারিত জানার পরামর্শ পাবেন। একযোগে কাজ করে, আমরা আপনার সন্তানের স্কুলের শুরুটি সর্বোত্তম উপায়ে করতে পারি।

নিউ ইয়র্ক স্টেটের প্রি-কিন্ডারগার্টেনের ভিত্তিতে সাধারণ বিষয়ের জ্ঞান সম্পর্কিত নির্দেশিকা - থেকে গৃহীত সংজ্ঞা (http://www.p12.nysed.gov/ciai/common_core_standards/pdfdocs/nyslsprek.pdf)

অফিস অব আর্লি চাইল্ডহুড এডুকেশন কর্তৃক প্রদত্ত
www.nyc.gov/schools/earlychildhood
ফোন: 212-374-0351
এই তথ্য কি আপনার জন্য সহায়ক? অনুগ্রহ করে আপনার মতামত ব্যক্ত করুন।
Email: earlychildhood@schools.nyc.gov

ক্ষেত্র ১: শিক্ষণ পদ্ধতি

শিক্ষার্থীরা কীভাবে শিক্ষণে সংশ্লিষ্ট হতে এবং জ্ঞানার্জন করতে পারে

বাড়ি এবং বাইরে ঘোরাফেরার সময়ের কর্মকাণ্ডে সহায়তা:

- সক্রিয় অনুসন্ধানকে উৎসাহিত করে আপনার সন্তানকে এমন সব জায়গায় নিয়ে যান যেমন ছোটদের মিউজিয়াম। তাকে অনুসন্ধান এবং সমস্যা সমাধানের জন্য পর্যাপ্ত সময় দিন।
- তার অভিজ্ঞতা সম্পর্কে আপনার সন্তানের সাথে সারাদিন ব্যাপী কথা বলুন এবং তার অনুভুতিগুলি বিনিময় করুন। তার অভিজ্ঞতাগুলোর সাথে নিজের একটি যোগাযোগ গড়ে তুলতে তাকে সহায়তা দিন।

ক্ষেত্র ২: শারীরিক বেড়ে ওঠা এবং স্বাস্থ্য

দৈনন্দিন কর্মকাণ্ডে সংশ্লিষ্ট হতে শিক্ষার্থীর স্বাস্থ্যগত অবস্থা এবং ক্ষমতা

বাড়ি এবং বাইরে ঘোরাফেরার সময়ের কর্মকাণ্ডে সহায়তা:

- সিঁড়ি দিয়ে ওপরে উঠে, খেলার মাঠে মই বেয়ে, দৌঁড়ে অংশ নিয়ে, লাফিয়ে এবং নেচে তার বড় পেশীগুলো শক্তিশালী করতে তাকে সহায়তা দিন।
- মাটির দলা নিয়ে খেলে- তাতে চাপ দিয়ে বা বাঁকিয়ে, ছোট কাঁচি দিয়ে কেটে, রঙ এবং পেইন্টিং করে আপনার সন্তানের ছোট পেশীগুলো শক্তিশালী করতে তাকে সহায়তা দিন।

ক্ষেত্র ৩: সামাজিক এবং মানসিক উন্নতি

বাড়ি, স্কুল এবং বৃহত্তর কম্যুনিটিতে শিক্ষার্থীদের অভিজ্ঞতা অর্থবহ হয় এমন ইতিবাচক সম্পর্ক গড়ে তুলতে তাদের মানসিক ক্ষমতা এবং যোগ্যতা

বাড়ি এবং বাইরে ঘোরাফেরার সময়ের কর্মকাণ্ডে সহায়তা:

- প্রতিদিনের রুটিন তৈরি করুন যেমন কখন ঘুম থেকে উঠবেন, পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ করবেন, খাবেন, খেলবেন, পড়বেন, বিভিন্ন কাজ করবেন, সামান্য একটু ঘুমিয়ে নেবেন এবং রাতে ঘুমোতে যাবেন ইত্যাদি।
- আপনার সন্তানকে শ্বাস নিয়ে, চিন্তা করে, গান গেয়ে, নিরুদ্বেগ হয়ে অথবা কোন স্থান থেকে চলে যেয়ে শান্ত হতে শিক্ষা দিন।

ক্ষেত্র ৪: যোগাযোগ, ভাষা এবং সাক্ষরতা

শিক্ষার্থীদের বোঝার ক্ষমতা, সৃজনশীলতা, এবং অর্থবহ যোগাযোগের ক্ষমতা

বাড়ি এবং বাইরে ঘোরাফেরার সময়ের কর্মকাণ্ডে সহায়তা:

যোগাযোগ এবং ভাষা

- আপনি যা করছেন যেমন আপনি যখন রান্না করেন, গাড়ি চালান, বাজার করেন অথবা অন্য কোন ঘরের কাজ করেন – সেসব বিষয় নিয়ে আপনার সন্তানের সাথে কথা বলুন।
- শিক্ষার্থীরা যেসব নতুন শব্দ দেখে এবং তার অর্থ কী - সেগুলি শিখতে আপনার সন্তানকে সহায়তা দিন।

সাক্ষরতা

- আপনার সন্তানকে বিভিন্ন ধরনের বই পড়ে শোনান এবং তাকে জিজ্ঞেস করুন পরবর্তীতে কী ঘটতে পারে এবং সেই রকম পরিস্থিতিতে তার কেমন প্রতিক্রিয়া হতে পারে।
- আপনার কাছাকাছি বিভিন্ন ধরনের লেখার উপকরণ রাখুন যেমন ক্রেয়ন, পেন্সিল, মার্কার, চক এবং রাইটিং প্যাড, কাগজ অথবা ট্যাবলেট এবং আপনার সন্তানকে লেখার এবং আঁকার সুযোগ দিন অথবা তাকে গল্প, তালিকা, নির্দেশনা ইত্যাদি ডিকটেট করুন।
- তাদের যেসব প্রশ্ন থাকতে পারে সেগুলির উত্তরের জন্য এবং তথ্য পেতে, বই থেকে পাওয়া তথ্য ব্যবহার করুন।

ক্ষেত্র ৫: জ্ঞানাত্মক এবং বিশ্ব সম্পর্কিত ধারণা

শিক্ষার্থীদের তাদের বিশ্ব সম্পর্কে কী জানা এবং বোঝা উচিত এবং তারা যা জানে সেই জ্ঞান কীভাবে ব্যবহার করবে

গণিত

বাস্তব জীবনের অভিজ্ঞতার মাধ্যমে শিক্ষার্থীরা কীভাবে গণিত শিখবে

বাড়ি এবং বাইরে ঘোরাফেরার সময়ের কর্মকাণ্ডে সহায়তা:

- আপনার সন্তানের সাথে বিভিন্ন জিনিস গুনুন। গোনার সময় প্রত্যেকা জিনিস হাত দিয়ে স্পর্শ করুন এবং সংখ্যাটি উচ্চরণ করুন।
- প্রাত্যহিক জীবন থেকে আপনার সন্তানকে বিভিন্ন প্যাটার্ন খুঁজে নিতে সহায়তা দিন (যেমন শার্টে স্ট্রাইপ, রাগ-এর নানান রঙ, এবং বিড়ালের গায়ের স্ট্রাইপ)।

বিজ্ঞান

শিক্ষার্থীরা তাদের চারপাশের জগত সম্পর্কে কীভাবে শেখে

বাড়ি এবং বাইরে ঘোরাফেরার সময়ের কর্মকাণ্ডে সহায়তা:

- আপনার সন্তানকে বিভিন্ন ধরনের জিনিস সংগ্রহ করতে দিন যেমন ঝিনুক, শিলা, পাতা এবং সেগুলি তাকে পৃথক করতে দিন। তার সাথে আলোচনা করুন ঐসব জিনিস কীভাবে এক এবং অভিন্ন।
- কোন সব জিনিসের প্রাণ আছে এবং কোনগুলির প্রাণ নেই। আপনি যেসকল জিনিস পর্যবেক্ষণ করেছেন তার একটি জার্নাল তৈরি করুন।

সমাজ পাঠ

শিক্ষার্থীরা কীভাবে তাদের নিজেদের, তাদের পরিবার, এবং তাদের কম্যুনিটি, বিভিন্ন মানুষ যে বিভিন্ন ভূমিকা পালন করে, সংস্কৃতি, অতীত এবং বর্তমান ঘটনাবলি সম্পর্কে জানে

বাড়ি এবং বাইরে ঘোরাফেরার সময়ের কর্মকাণ্ডে সহায়তা:

- আপনার সন্তানকে মানুষ হিশেবে তার নিজের সম্পর্কে, পরিবারের সদস্য হিশেবে এবং কম্যুনিটির সদস্য হিশেবে প্রাথমিকভাবে সচেতন করে তুলতে সহায়তা দিন। তাকে তার ছোটবেলার গল্প বলুন এবং কীভাবে সে বড় হয়ে উঠলো সেসব জানান।
- কম্যুনিটির কর্মীদের সম্পর্কে এবং তারা যেসব জিনিস করে সেগুলি আলোচনা করুন।

শিল্পকলা (আর্টস্)

শিক্ষার্থীরা কীভাবে বিভিন্ন ধরনের মিউজিক শেখে এবং বিভিন্ন উপায়ে শিল্পকলা সৃষ্টি করতে নানান উপকরণ ব্যবহার করে

বাড়ি এবং বাইরে ঘোরাফেরার সময়ের কর্মকাণ্ডে সহায়তা:

- আপনার সন্তানকে বিভিন্ন উপকরণ যেমন ক্রেয়ন, ব্রাশ, পেইন্ট, স্টিক, কিউ-টিপস্ ইত্যাদি ব্যবহার করে শিল্পকলার কাজ করতে দিন।.
- তাকে সঙ্গীত শুনতে, গান গাইতে, আঙ্গুলের যন্ত্র বাজাতে, এবং অন্য বিভিন্ন ধরনের যন্ত্র বাজাতে দিন।

টেকনোলজি

বিভিন্ন কাজ করতে আমরা যেসব উপকরণ ব্যবহার করি শিক্ষার্থীরা সেগুলি সম্পর্কে কীভাবে জানে

বাড়ি এবং বাইরে ঘোরাফেরার সময়ের কর্মকাণ্ডে সহায়তা:

- প্রাত্যহিক জীবনে ব্যবহৃত টেকনোলজির বিভিন্ন উদাহরণগুলোর সাথে আপনার সন্তানকে পরিচিত করুন।
- আপনার সন্তানকে ফ্লু, টেপ, কাগজ, কার্ডবোর্ড, ফোম, প্ল্যাস্টিক, কাঠ, স্ট্র অথবা স্কুল নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করার সুযোগ দিন।